শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়
নেত্রকোণা-২৪০০

Sheikh Hasina University
Netrokona-2400

Website: www.shu.edu.bd, E-mail: info@shu.edu.bd, Mobile: 01550059950

স্মারক: ৩৭.০১.৭২০১.০১৩.১৮.০০১.২২.২০৭

তারিখ: ৩১ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ / ১৬ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি নির্দেশিকা

২০২১-২০২২ শিক্ষাবর্ষে GST (General, Science and Technology) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের স্নাতক/স্নাতক(সম্মান) ১ম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষায় সর্বনিম্ন ৩০ নম্বর পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

1. **আবেদনের সময়সীমা:** ১৭/১০/২০২২ তারিখ দুপুর ১২:০০ টা হতে ২৭/১০/২০২২ তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত আবেদন করা যাবে। আবেদন ফি ২৮/১০/২০২২ তারিখ রাত ১১:৫৯ মিনিটের মধ্যে প্রদান করতে হবে। উক্ত সময়সীমার মধ্যে আবেদন ফি সঠিকভাবে পরিশোধ না করলে আবেদন সম্পন্ন হবে না।

2. **ইউনিট/অনুষদ ভিত্তিক বিভাগসমূহ:**

ইউনিট	অনুষদ	বিভাগ
A ইউনিট	প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE)
B ইউনিট	মানবিক অনুষদ ও সামাজিক বিজ্ঞান অনুষদ	বাংলা (BAN), ইংরেজি (ENG), অর্থনীতি (ECO)

3. **ইউনিট ভিত্তিক আবেদনের যোগ্যতা ও শর্তাবলি:**

ক) আবেদনের সময় ভর্তির জন্য পছন্দের বিভাগসমূহের পছন্দক্রম সঠিকভাবে প্রদান করতে হবে। পরবর্তীতে বিভাগ পছন্দক্রম পরিবর্তনের কোন সুযোগ থাকবে না।

<table>
<tr><th>ইউনিট/অনুষদ</th><th>বিভাগ</th><th>আসন সংখ্যা</th><th>বিষয়ভিত্তিক ন্যূনতম যোগ্যতা</th></tr>
<tr><td>A ইউনিট (প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ)</td><td>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE)</td><td>৩০ টি (GST-এর A ইউনিটের শিক্ষার্থীদের জন্য নির্ধারিত)</td><td>GST গুচ্ছভুক্ত A ইউনিটের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণসহ গণিত বিষয়ের উত্তর প্রদান করতে হবে এবং এইচএসসি/সমমান পরীক্ষায় গণিতে কমপক্ষে B গ্রেড থাকতে হবে।</td></tr>
<tr><td rowspan="3">B ইউনিট (মানবিক অনুষদ ও সামাজিক বিজ্ঞান অনুষদ)</td><td>বাংলা</td><td>A ইউনিট = ০৭ টি
B ইউনিট = ২০ টি
C ইউনিট = ০৩ টি
মোট = ৩০ টি</td><td rowspan="3">ক) GST গুচ্ছভুক্ত A, B ও C ইউনিটের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী আবেদন করতে পারবে।
খ) বাংলা বিভাগে ভর্তির জন্য এইচএসসি/সমমান পরীক্ষায় বাংলায় কমপক্ষে B গ্রেড থাকতে হবে।
গ) ইংরেজি বিভাগে ভর্তির জন্য এইচএসসি/সমমান পরীক্ষায় ইংরেজিতে কমপক্ষে B গ্রেড থাকতে হবে।
ঘ) অর্থনীতি বিভাগে ভর্তির জন্য এইচএসসি/সমমান পরীক্ষায় অর্থনীতি, গণিত ও পরিসংখ্যান বিষয়সমূহের যেকোনো একটিতে কমপক্ষে B গ্রেড থাকতে হবে।</td></tr>
<tr><td>ইংরেজি</td><td>A ইউনিট = ০৭ টি
B ইউনিট = ২০ টি
C ইউনিট = ০৩ টি
মোট = ৩০ টি</td></tr>
<tr><td>অর্থনীতি</td><td>A ইউনিট = ১২ টি
B ইউনিট = ১৩ টি
C ইউনিট = ০৫ টি
মোট = ৩০ টি</td></tr>
</table>

[বি. দ্র.]: বাংলা, ইংরেজি ও অর্থনীতি বিভাগে A ও C ইউনিটের জন্য বরাদ্দকৃত আসন সংখ্যা পূরণ না হলে B ইউনিটের পরীক্ষার্থী দ্বারা শূন্য আসনসমূহ পূরণ করা হবে।

4. **আবেদন ফি:** ভর্তিচ্ছু প্রতি শিক্ষার্থীর আবেদন ফি ৫০০/- (পাঁচশত টাকা) + সার্ভিস চার্জ প্রদান করতে হবে। মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে আবেদন ফি জমা দেওয়া যাবে।

5. **ভর্তির আবেদন প্রক্রিয়া:** শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ে আবেদনের জন্য gstadmission.ac.bd লিংকে গিয়ে অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে।

6. **কোটায় আবেদনের শর্তাবলি:** কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে অনলাইনে আবেদনের সময় কোটা অপশন সিলেক্ট করতে হবে। নির্দিষ্ট কোটাসমূহ: ১) মুক্তিযোদ্ধা কোটা (FFQ) (মুক্তিযোদ্ধার সন্তান/ মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান), ২) বিশেষ চাহিদাসম্পন্ন (প্রতিবন্ধী) কোটা (DQ), ৩) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/উপজাতি/আদিবাসী কোটা (EMQ)। উল্লেখ্য যে, মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রাণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/উপজাতি/আদিবাসি কোটার ক্ষেত্রে স্ব-স্ব উপজাতি প্রধান/উপজেলা নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসক এর সনদপত্র, বিশেষ চাহিদাসম্পন্ন (প্রতিবন্ধী) কোটার ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত সনদপত্র চূড়ান্ত ভর্তির সময় বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

ইউনিটভিত্তিক কোটার আসন বিন্যাস:

ক্রমিক	কোটা	আসন সংখ্যা
০১	মুক্তিযোদ্ধা কোটা (FFQ) (মুক্তিযোদ্ধার সন্তান ও মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানদের ক্ষেত্রে প্রযোজ্য)	A ইউনিট – ০১ টি B ইউনিট - ০৩ টি
০২	বিশেষ চাহিদাসম্পন্ন (প্রতিবন্ধী) কোটা (DQ)	A ইউনিট – ০১ টি B ইউনিট - ০১ টি
০৩	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/উপজাতি/আদিবাসী কোটা (EMQ)	A ইউনিট – ০১ টি B ইউনিট - ০১ টি
মোট		**০৮ টি**

7. **মেধাক্রম তৈরির পদ্ধতি:**

- GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে ইউনিট ভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করা হবে এবং মেধা তালিকার ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা হবে।
- GST ভর্তি পরীক্ষায় একাধিক শিক্ষার্থীর প্রাপ্ত মোট নম্বর সমান হলে নিম্নলিখিত ক্রমানুসারে মেধাক্রম প্রস্তুত করা হবে:

A ইউনিট-এর ক্ষেত্রে:
ক) GST ভর্তি পরীক্ষায় পদার্থ বিজ্ঞান বিষয়ে প্রাপ্ত নম্বর;
খ) GST ভর্তি পরীক্ষায় রসায়ন বিষয়ে প্রাপ্ত নম্বর;
গ) এইচএসসি/সমমান পরীক্ষায় পদার্থ বিজ্ঞান বিষয়ে প্রাপ্ত নম্বর;
ঘ) এইচএসসি/সমমান পরীক্ষায় রসায়ন বিষয়ে প্রাপ্ত নম্বর;

B ইউনিট-এর ক্ষেত্রে:
ক) GST ভর্তি পরীক্ষায় ইংরেজি বিষয়ে প্রাপ্ত নম্বর;
খ) GST ভর্তি পরীক্ষায় বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বর;
গ) এইচএসসি/সমমান পরীক্ষায় ইংরেজি বিষয়ে প্রাপ্ত নম্বর;
ঘ) এইচএসসি/সমমান পরীক্ষায় বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বর;

C ইউনিট-এর ক্ষেত্রে:
ক) GST ভর্তি পরীক্ষায় একাউন্টিং বিষয়ে প্রাপ্ত নম্বর;
খ) GST ভর্তি পরীক্ষায় ব্যবসা সংগঠন ও ব্যবস্থাপনা বিষয়ে প্রাপ্ত নম্বর;
গ) এইচএসসি/সমমান পরীক্ষায় ইংরেজি বিষয়ে প্রাপ্ত নম্বর;
ঘ) এইচএসসি/সমমান পরীক্ষায় বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বর;

8. **ফলাফল প্রকাশ:** মেধা তালিকা ও ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য যথাসময়ে GST ওয়েবসাইটে (gstadmission.ac.bd) প্রকাশ করা হবে।

9. **ভর্তি প্রক্রিয়া:** মেধাক্রম ও বিভাগসমূহের প্রদত্ত পছন্দক্রম বিবেচনায় বিভাগ ভিত্তিক ভর্তির জন্য শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া পরিচালনা করা হবে। GST-এর কেন্দ্রীয় ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে **প্রাথমিক ভর্তি** সম্পন্ন করতে হবে। কেন্দ্রীয় ভর্তি পদ্ধতির বিস্তারিত তথ্য যথাসময়ে gstadmission.ac.bd ওয়েবসাইটে প্রকাশিত হবে।

10. **মাইগ্রেশন প্রক্রিয়া:** সকল প্রকার মাইগ্রেশন প্রক্রিয়া GST ওয়েবসাইটের মাধ্যমে সম্পন্ন করা হবে।

11. **চূড়ান্ত ভর্তি:** মেধাক্রম ও সকল প্রকার মাইগ্রেশন শেষে শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি সংক্রান্ত তথ্য পরবর্তীতে www.shu.edu.bd/admission ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

12. **ক্লাস শুরুর সম্ভাব্য তারিখ:** ক্লাস শুরুর সম্ভাব্য তারিখ www.shu.edu.bd/admission ওয়েবসাইটে পরবর্তীতে প্রকাশ করা হবে।

13. **বিশেষ দ্রষ্টব্য:**

ক) ভর্তি প্রক্রিয়ার যে কোনো স্তরে এবং ভর্তি পরবর্তী যে কোন স্তরে অনিয়ম/অযোগ্যতা/দুর্নীতি প্রতীয়মান হলে ভর্তি বাতিল করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
খ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভর্তি সংক্রান্ত যে কোনো নিয়ম/সিদ্ধান্ত পরিবর্তন, সংশোধন, সংযোজন ও বিয়োজনের অধিকার সংরক্ষণ করেন।
গ) ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাবলি gstadmission.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

হেল্পলাইন:
মোবাইল: ০১৫৫০০৫৯৯৫০ (ছুটির দিন ব্যতীত সকাল ৮.০০টা থেকে বিকাল ৫.০০টা পর্যন্ত)
ই-মেইল: admission@shu.edu.bd

শুভ্র চন্দন মহলী
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়
নেত্রকোণা